

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৪

১৬ মে ২০১৯
তারিখ :-----
০২ জ্যৈষ্ঠ ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ভালো ঋণগ্রহিতাদের প্রণোদনা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে মার্চ ১৯, ২০১৫ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬, ডিসেম্বর ৩০, ২০১৫ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ এবং ফেব্রুয়ারি ১৬, ২০১৬ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৫ এর মাধ্যমে ভালো ঋণগ্রহিতাদের চিহ্নিত করে নির্দিষ্ট হারে রিবেট দেয়ার মাধ্যমে তাদেরকে প্রণোদনা প্রদানের নির্দেশনা দেয়া হলেও ভালো ঋণগ্রহিতারা উক্ত সুবিধা সঠিকভাবে পাচ্ছেন না মর্মে পরিলক্ষিত হয়েছে। ভালো ঋণগ্রহিতা চিহ্নিতকরণসহ তাদেরকে প্রণোদনা প্রদানের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়েছে :

২.১. প্রতি বছর সেপ্টেম্বর মাস অন্তে নিম্নোক্ত ক্রাইটেরিয়া অনুসরণপূর্বক ভালো ঋণগ্রহিতাকে চিহ্নিত করতে হবেঃ

২.১.১. চলমান ঋণগ্রহিতার ঋণহিসাব ক্রমাগতভাবে সংশ্লিষ্ট বছরের সেপ্টেম্বর মাস ও পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণিকৃত-স্ট্যাভার্ড অবস্থায় থাকলে এবং মঞ্জুরী পত্র/নবায়ন পত্রের শর্তানুসারে উক্ত ঋণ হিসাবে লেনদেন সম্ভাষণজনক হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.১.২. তলবী ঋণগ্রহিতার সংশ্লিষ্ট বছরের সেপ্টেম্বর মাস ও পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে গৃহিত সকল তলবী ঋণ অশ্রেণিকৃত-স্ট্যাভার্ড অবস্থায় সমন্বিত হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.১.৩. মেয়াদী ঋণগ্রহিতার ঋণ হিসাব বিগত ১২ মাসের সকল কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে নিয়মিতভাবে পরিশোধিত হলে এবং সংশ্লিষ্ট বছরের সেপ্টেম্বর মাস ও পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণিকৃত-স্ট্যাভার্ড অবস্থায় থাকলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.১.৪. কোন ঋণগ্রহিতার একাধিক ঋণ থাকলে প্রতিটি ঋণের জন্য পৃথকভাবে উল্লিখিত শর্তসমূহ পরিপালন করলেই তিনি ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন।

২.১.৫. সকল ক্ষেত্রেই কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিগত ১২ মাসে কোন গ্রাহক বা তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিরূপমানে শ্রেণিকৃত ঋণ থাকলে উক্ত গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে বিবেচিত হবেন না।


৩. ভালো ঋণ গ্রহিতাদেরকে প্রণোদনা প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করতে হবে :

৩.১. চলমান/তলবী/মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রতিবছর সেপ্টেম্বর মাস শেষে বিগত ১২ মাসে (অর্থাৎ বিগত বছরের ০১ অক্টোবর থেকে চলতি বছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত) ভালো ঋণগ্রহিতার সংশ্লিষ্ট ঋণের বিপরীতে আদায়কৃত সুদ/মুনাফার অন্ত্য ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। পরবর্তীতে প্রতি বছর গ্রাহক ভালো ঋণগ্রহিতা হিসেবে চিহ্নিত হলে একই রকম সুবিধা অব্যাহত থাকবে। এছাড়াও ভালো ঋণগ্রহিতার প্রয়োজনীয়তার নিরিখে বর্ধিত ঋণ সুবিধাও প্রদান করা যাবে।

৩.২. উক্ত সার্কুলারের আলোকে ব্যাংকের পর্ষদ কর্তৃক অনুমোদিত ভালো ঋণগ্রহিতাদের প্রণোদনা প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করতে হবে এবং এতদসংক্রান্ত সুবিধা প্রচারণার্থে প্রতিটি শাখা তা সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শন (Display) করতে হবে।

- ৩.৩. ভালো ঋণগ্রহিতা হিসেবে চিহ্নিত হবার পর সংশ্লিষ্ট বছরের ডিসেম্বর মাসের মধ্যে ২ নং ক্রমিক অনুযায়ী ব্যাংক কর্তৃক কেইস-টু-কেইস ভিত্তিতে রিবেট হিসাবায়নপূর্বক প্রাপ্যতা অনুযায়ী ঋণগ্রহিতাদেরকে রিবেট/প্রণোদনা প্রদান করতে হবে। এক্ষেত্রে রিবেট/প্রণোদনা বাবদ প্রদত্ত অর্থ সংশ্লিষ্ট গ্রাহকের নিকট হতে প্রাপ্ত সুদ/মুনাফা খাতকে ডেবিট করে অথবা প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করে প্রদান করতে পারবে। তবে কোন বিশেষ কারণে কোন ঋণগ্রহিতাকে ডিসেম্বর মাসের মধ্যে রিবেট প্রদান করা সম্ভব না হলে সংশ্লিষ্ট হিসাববর্ষের Financial Statements-এ আবশ্যিকভাবে সমপরিমাণ অর্থের প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করতে হবে এবং পরবর্তী তিন মাসের মধ্যে ঋণগ্রহিতার প্রাপ্য রিবেট প্রদান নিশ্চিত করতে হবে।
- ৩.৪. রিবেট/প্রণোদনা সুবিধা পাওয়ার জন্য ঋণগ্রহিতার আবেদনের প্রয়োজন হবে না। ব্যাংক কর্তৃক স্ব-উদ্যোগে ভালো ঋণগ্রহিতা চিহ্নিত করে প্রাপ্যতা অনুযায়ী তাদের রিবেট/প্রণোদনা সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে ঋণগ্রহিতাকে রিবেট/প্রণোদনা প্রদান করার পূর্বে ঋণগ্রহিতার নিকট হতে এ মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে যে, ঋণগ্রহিতার নিজ নামে বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে অপর কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিগত ১২ মাসে বিরূপমানে শ্রেণিকৃত কোন ঋণ ছিল না এবং বর্তমানেও নেই।
- ৩.৫. ভালো ঋণগ্রহিতাগণ যাতে সময়মত ঋণের অর্থ পরিশোধ করতে উৎসাহিত হয় সেলক্ষ্যে তাদের প্রাপ্য রিবেট/প্রণোদনা যথাসময়ে প্রদান নিশ্চিতকল্পে রিবেট/প্রণোদনা প্রদানের বিষয়টি শাখা পর্যায়ে বা আঞ্চলিক পর্যায়ে নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে, এক্ষেত্রে সার্কুলারের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে রিবেট হিসাবায়ন ও প্রদানের বিষয়গুলো ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে যাচাই করার পাশাপাশি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণেরও প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৩.৬. ভালো ঋণগ্রহিতাদের ঋণ তথ্য পরবর্তীতে স্ট্যান্ডার্ড থাকা সাপেক্ষে সিআইবিতে STD-GB (Standard-Good Borrower) হিসেবে রিপোর্ট করতে হবে।
৪. পুনঃতফসিলকৃত/পুনর্গঠিত ঋণগ্রহিতাদের জন্য উক্ত সার্কুলারের সুবিধা প্রযোজ্য হবে না।
৫. ভালো ঋণগ্রহিতাদের নিম্নরূপ উৎসাহব্যঞ্জক প্রণোদনা প্রদান করতে হবেঃ-
- ৫.১. ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহারকারী ভালো ঋণগ্রহিতাদের বিশেষ সুবিধা (রিওয়ার্ড পয়েন্ট, ডিসকাউন্ট সুবিধা ইত্যাদি) প্রদান করতে হবে।
- ৫.২. ভালো ঋণগ্রহিতাদের প্রতি বছর ব্যাংক কর্তৃক বিশেষ সনদ প্রদান করতে হবে।
- ৫.৩. ব্যাংকের সেরা ১০(দশ) জন ভালো ঋণগ্রহিতার ছবিসহ তাদের ব্যবসা সফলতার সংক্ষিপ্ত চিত্র ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করতে হবে। এছাড়াও, দীর্ঘ সময় ধরে ভালো ঋণগ্রহিতা হিসেবে চিহ্নিত গ্রাহকদের ছবি, প্রোফাইল ইত্যাদির সমন্বয়ে ব্যাংক কর্তৃক বিশেষ বুকলেট/ম্যাগাজিন প্রকাশ করতে হবে।
- ৫.৪. অধিকন্তু, ব্যাংকগুলো বার্ষিক অনুষ্ঠানের মাধ্যমে ভালো ঋণগ্রহিতাদের স্বীকৃতি/পুরস্কার প্রদানকরতঃ তাদেরকে সম্মাননা জ্ঞাপনের ব্যবস্থা গ্রহণ করতে পারে।
৬. ভালো ঋণগ্রহিতাদের প্রদত্ত রিবেট/প্রণোদনা সংক্রান্ত তথ্য 'সংযুক্তি-ক' মোতাবেক প্রতি হিসাববর্ষ শেষে পরবর্তী বছরের ৩০ এপ্রিল তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
৭. এ নির্দেশনা ২০১৯ হিসাববর্ষ হতে কার্যকর হবে। এই নীতিমালা জারির ফলে এতদসংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল নির্দেশনা রহিত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(এ,কে,এম, আমজাদ হোসেন)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২

ভালো ঋণগ্রহিতাদের প্রণোদনা প্রদান সংক্রান্ত তথ্য

(পরিমাণ টাকায়)

ব্যাংকের নামঃ-						
হিসাববর্ষঃ- ২০.... (০১ অক্টোবর, ২০.... থেকে ৩০ সেপ্টেম্বর ২০..... পর্যন্ত)						
প্রদেয় রিবেট এর তথ্য		প্রদত্ত রিবেট এর তথ্য		ভালো ঋণগ্রহিতাদের জন্য সংরক্ষিত প্রভিশন এর পরিমাণ (যদি থাকে)		ঋণের পরিমাণ (যে পরিমাণ ঋণের উপর রিবেট হিসাবায়ন করা হয়েছে)
ঋণগ্রহিতার সংখ্যা	পরিমাণ	ঋণগ্রহিতার সংখ্যা	পরিমাণ	ঋণগ্রহিতার সংখ্যা	পরিমাণ	